সমকাল

# মাদ্রাসার বাংলা অংক ও ইংরেজি খাতা দেখবেন স্কুল শিক্ষকরা

প্রকাশ: ০৫ মার্চ ২১ । ০০:৩৮

**সমকাল প্রতিবেদক**



*ফাইল ছবি*

মাদ্রাসার বোর্ডের অধীনে দাখিল পরীক্ষার বাংলা, গণিত এবং ইংরেজি বিষয়ের খাতা অন্য শিক্ষা বোর্ডের অধীনস্থ শিক্ষকদের দিয়ে মূল্যায়ন চায় সংসদীয় কমিটি। মাদ্রাসা শিক্ষার গুণগত মানোন্নয়নে কমিটির পক্ষ থেকে এ সুপারিশ করা হয়।

এদিকে বৈঠকে কমিটির মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনস্থ সকল মাদ্রাসায় জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করতে সুপারিশ করেছে।

বৃহস্পতিবার সংসদ ভবনে অনুষ্ঠিত সরকারি প্রতিষ্ঠান কমিটির বৈঠকে এসব সুপারিশ করা হয়। কমিটির সভাপতি আ, স, ম, ফিরোজের সভাপতিত্বে অংশ নেন মোস্তাফিজুর রহমান, নারায়ন চন্দ্র চন্দ, মাহবুব উল আলম হানিফ, মুহিবুর রহমান মানিক এবং নাহিদ ইজাহার খান।

এ বিষয়ে জানতে চাইলে কমিটির সভাপতি আ স ম ফিরোজ সাংবাদিকদের বলেন, মাদ্রাসা শিক্ষার জন্য সরকার অনেক টাকা খরচ করে কিন্তু কাঙ্খিত ফল দেখা যাচ্ছে না। তাদের শিক্ষার গুণগতমান প্রত্যাশিত মাত্রায় অর্জিত হয় না। আলিয়া মাধ্যম থেকে পাস করা শিক্ষার্থীদের গুরুত্বপূর্ণ সেক্টরে ভূমিকা রাখতে দেখা যায় না। এ কারণেই মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের খাতা অন্য কোন মাধ্যমের শিক্ষকদের মূল্যায়নের সুপারিশ করা হয়েছে। এটা করা সম্ভব হলে শিক্ষার্থীদের মধ্যে একটা চাপ থাকবে এবং তারা নিজেদের গুণগত মান উন্নত করার চেষ্টা করবে।

এ প্রসঙ্গে তিনি আরো বলেন, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান অনেক শিক্ষকদের মধ্যে নিজেদের চাকরির স্বার্থে শিক্ষার্থীদের পাশ করিয়ে দেওয়ার প্রবণতা দেখা যায়। এটা হলে এই সুযোগ তারা পাবে না।

সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, মাদ্রাসার প্রাত্যাহিক কাজ শুরু করার আগে জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশন বাধ্যতামূলক করার জন্য কমিটি সুপারিশ করেছে।

সকল মাদ্রাসা বলতে কওমি মাদ্রাসাও অন্তর্ভুক্ত কিনা জানতে চাইলে আ স ম ফিরোজ বলেন, মাদ্রাসা বোর্ডের অধীনে শিক্ষা প্রতিষ্ঠানে অনেক সময় জাতীয় পতাকা পরিবেশ উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশন করতে দেখা যায় না। এটা নিশ্চিত করতে বলা হয়েছে। কেবল মাদ্রাসা বোর্ডের শিক্ষাপ্রতিষ্ঠান এবং সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে। কওমি মাদ্রাসার বিষয়টি এখানে আসেনি বলেও জানান তিনি। বৈঠকে যেকোন মাদ্রাসা প্রতিষ্ঠার আগে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুমোদন নেয়ার সুপারিশ করা হয়।

বৈঠকে জাতীয় শিক্ষানীতির আলোকে মাদ্রাসার সিলেবাস ও কারিকুলাম আধুনিকায়ণ; মাদ্রাসার পরীক্ষা পদ্ধতির আধুনিকায়ণ ও নকল প্রতিরোধে ব্যবস্থাসমূহ; উগ্র সাম্প্রদায়িকতা প্রতিরোধ ও প্রতিকারে মাদ্রাসা শিক্ষক-ছাত্রছাত্রীদের সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ; মাদ্রাসার ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি, নির্বাহী কমিটি, এডহক কমিটি গঠন প্রক্রিয়া ও কমিটি সংক্রান্ত উদ্ভূত জটিলতা নিরসন; মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/শিক্ষক/কর্মচারী নিয়োগ পদ্ধতি; প্রাতিষ্ঠানিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ নিয়ে আলোচনা করা হয় বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বৈঠকে গভর্নিং বডির সভাপতি মনোনয়নে স্থানীয় সংসদ-সদস্যের সুপারিশ গ্রহণের নীতিমালা কঠোরভাবে অনুসরণ এবং এডহক কমিটি গঠনের প্রবণতা বন্ধ করার জন্য কমিটি সুপারিশ করে। বৈঠকে প্রশাসনের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সকল প্রাতিষ্ঠানিক অনিয়ম ও দুর্নীতি বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি সুপারিশ করে।